

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯১৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৫. তৃতীয় অনুচ্ছেদ - তাশাহুদ

আরবী

عَن جَابِرٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُعَلِّمُنَا التَّشَهُّدَ كَمَا يُعَلِّمُنَا السُّورَةَ مِن الْقُرْآنِ: «بِسم الله وَبِاللَّهِ التَّحِيَّاتُ لِلَّهِ وَالصَّلُوَاتُ وَالطَّيِبَاتُ السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا النَّهُ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا النَّهُ وَرَحْمَةُ اللَّهِ مَنَ النَّارِ» . رَوَاهُ اللَّهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ أَسْأَلُ اللَّهَ الْجَنَّةَ وَأَعُوذُ بِاللَّهِ مِنَ النَّارِ» . رَوَاهُ النَّسَائِي

বাংলা

৯১৬-[১১] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যেভাবে আমাদেরকে কুরআনের কোন সূরাহ্ শিক্ষা দিতেন, ঠিক সেভাবে তিনি আমাদেরকে তাশাহুদও শিখাতেন। তিনি বলতেন, ''বিসমিল্লা-হি ওয়া বিল্লা-হি, আততাহিয়্যাতু লিল্লা-হি ওয়াসসলাওয়া-তু ওয়াত্ব তুইয়্যিবা-তু আসসালা-মু 'আলায়কা আইয়ুহান্নাবিয়ুা, ওয়ারহমাতুল্ল-হি ওবার-কা-তুহু, আসসালা-মু 'আলায়না- ওয়া'আলা- 'ইবা-দিল্লা-হিস্ স-লিহীন। আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাল্লা-হু ওয়া আশহাদু আন্না মুহাম্মাদান 'আবদুহূ ওয়া রস্লুহু। আস্আলুল্ল-হাল জান্নাতা ওয়া আ'উয়ু বিল্লা-হি মিনান্না-র।" (নাসায়ী)[1]

ফুটনোট

[1] য'ঈফ: নাসায়ী ১১৭৫। কারণ সানাদে আয়মান ইবনু নাবিল রয়েছে যার মধ্যে দুর্বলতা রয়েছে। আর মুহাদ্দিসগণ এ হাদীসে তার তাসমিয়্যাহ্ (বিসমিল্লা-হ)-এর বর্ণনাটির ব্যাপারে সমালোচনা করেছেন। ইমাম নাসায়ী হাদীসের শেষে বলেনঃ এ বর্ণনাটিতে তার সাথে আর কেউ আছে বলে আমরা জানি না। তবে সে ক্রটিমুক্ত রাবী বরং হাদীসটি ভুল। আর ইমাম তিরমিয়ী একে শায় বলেছেন।

ব্যাখ্যা



ব্যাখ্যা: بِسْمِ اللهِ (বিসমিল্লা-হি ওয়া বিল্লা-হ) এ অতিরিক্তি শুধুমাত্র রাবী আয়মান ইবনু নাবিল তিনি আবূ যুবায়র হতে জাবির (রাঃ) হতে বর্ণনা করেছেন।

আর লায়স ও 'আমর ইবনু হারিস আরো অন্যরা বিসমিল্লা-হ ছাড়াই বর্ণনা করেছেন।

আর হাফিয ইবনু হাজার ফাতহুল বারীতে বলেছেনঃ এ অতিরিক্ত বিসমিল্লা-হ সহীহ না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন